জেলা পরিষদ কার্যালয়,
নাটোর।
www.zpnatore.gov.bd
বিজ্ঞপ্তি নং- ০২/২০২১-২০২২

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয় অর্থ বিভাগের ২৯-০৬-২০২১ খ্রিঃ তারিখের ০৭.১৫৬.০১৫.১০.০২.০১.২০১৩-৩৭১ নং স্মারক এবং স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ০৪ আগস্ট ২০২১ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.১১.০১২.১৯-১৬৯৭ নং স্মারক আদেশের প্রেক্ষিতে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী নাটোর জেলা পরিষদের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত সেবা ক্রয়ের লক্ষ্যে শর্তসাপেক্ষে যোগ্য প্রতিষ্ঠানের নিকট হতে উন্মুক্ত দরপত্র প্রস্তাব আহবান করা যাচ্ছে।

| ক্র নং | পদের নাম ও ক্যাটাগরি | মাসিক সেবামূল্য (জনপ্রতি) | কর্মী সংখ্যা | বয়সসীমা | যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১। | কেয়ারটেকার ক্যাটাগরি-১ | ১৭,৬৩০/- | ০১ জন | ১৮-৬০ বছর | নূন্যতম এস.এস .সি/ সমমানের পাশ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |
| ২। | বাবুর্চি ক্যাটাগরি-৪ | ১৬,৪৩০/- | ০১ জন | ১৮-৬০ বছর | নূন্যতম ৮ম শ্রেণি/জেএসসি/ জেডিসি/ সমমানের পাশ,সুস্বাস্থ্যের অধিকারী ও রান্নায় অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৩। | গার্ডেনার(বাগানকর্মী) ক্যাটাগরি-৪ | ১৬,৪৩০/- | ০১ জন | ১৮-৬০ বছর | নূন্যতম ৮ম শ্রেণি/জেএসসি/ জেডিসি/ সমমানের পাশ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |
| ৪। | নিরাপত্তা প্রহরী ক্যাটাগরি-৫ | ১৬,১৩০/- | ০২ জন | ১৮-৬০ বছর | নূন্যতম ৮ম শ্রেণি/জেএসসি/ জেডিসি/ সমমানের পাশ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |
| ৫। | পরিচ্ছন্নতা কর্মী ক্যাটাগরি-৫ | ১৬,১৩০/- | ০১ জন | ১৮-৬০ বছর | নূন্যতম ৮ম শ্রেণি/জেএসসি/ জেডিসি/ সমমানের পাশ ও হরিজন সম্প্রদায়কে অগ্রাধিকার দিতেহবে। |

শর্তাবলীঃ

১. আগ্রহী প্রতিষ্ঠানকে নিম্নোক্ত ''ছক'' অনুযায়ী প্রস্তাব দাখিল করতে হবে:

| ক্রঃ নং | আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবার মান (পদের নাম) | শিক্ষাগত যোগ্যতা | মাসিক সাকুল্য বেতন | সর্বমোট |
|---|---|---|---|---|

২. পাবলিক প্রকিউরমেন্ট আইন (পিপিআর)-২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা,২০০৮ এর বিধি-বিধান অনুযায়ী দরপত্র কার্যক্রম পরিচালিত হবে।

৩. আগ্রহী ঠিকাদারী প্রতিষ্ঠানকে নিজ প্যাডে নির্ধারিত ছক অনুসরণ পূর্বক **আগামী ১৪-০৯-২০২১ খ্রিঃ তারিখ দুপুর ১.০০ ঘটিকার** মধ্যে সিল মোহরকৃত খামে প্রতিটি পদের ০১(এক) মাসের সেবামূল্য/দর উল্লেখ করে দরপত্র দাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও দুই কপি সত্যায়িত ছবি, সত্যায়িত কর্মী সরবরাহের হাল নাগাদ ট্রেড লাইসেন্স কপি, টিআইএন সনদের কপি, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেটের কপি, হাল নাগাদ আয়কর পরিশোধের প্রমাণক এবং ব্যাংক সলভেনসি সার্টিফিকেট কপি ইত্যাদিসহ **নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র/প্রস্তাব দাখিলের জন্য অনুরোধ করা হলো** । একই তারিখ বেলা ২.০০ টার সময় দরপত্র/প্রস্তাবসমূহ দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

৪. আউটসোর্সিং সেবা ক্রয় সংক্রান্ত অর্থ বিভাগের ১০-০৬-২০২১ খ্রিঃ তারিখের ২৫৯ নং পরিপত্র অনুযায়ী জনপ্রতি সেবার মূল্য নির্ধারণ হবে।

৫. সেবাকর্মীর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সার্ভিস কমিশনারের হার ন্যূনতম ৫% এর কম হবে না।

৬. আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবামূল্য সেবাপ্রদানকারী প্রতিষ্ঠানের নিজ নামীয় ব্যাংক হিসাবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে।

৭. আউটসোর্সিং প্রক্রিয়ায় পরিচ্ছন্নতাকর্মীর সেবা ক্রয়ের ক্ষেত্রে হরিজন সম্প্রদায়কে অগ্রাধিকার দেওয়া হবে।

চলমান পাতা-২

৮. আগ্রহী প্রতিষ্ঠানকে দরপত্র সিডিউলের মূল্য হিসেবে নগদ ১,০০০/- (এক হাজার) টাকা জমা দিয়ে সিডিউল সংগ্রহ করতে হবে।

৯. নির্বাচিত দরদাতা প্রতিষ্ঠানকে (Notification Award (NOA) প্রাপ্তির পর চুক্তি সম্পাদনের লক্ষ্য প্রয়োজনীয় নিরাপত্তা জামানত বাবদ সরবরাহকৃত জনবলের প্রতিজনের ১ বছরের মোট সেবা মূল্যের ৫% নিরাপত্তা জামানত প্রদান করতে হবে।

১০. নির্বাচিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদনের পর সরবরাহকৃত জনবল কাজ শুরু করতে পারবে। সেবা প্রদানকারীর নামে নিয়োগপত্র ইস্যু করা হবে না।

১১. নির্দিষ্ট মেয়াদের জন্য চুক্তি সম্পাদন করা হবে। সেবা প্রদানকারীর সন্তোষজনক সেবা প্রদানের প্রেক্ষিতে পরবর্তীতে সেবা ক্রয়ের চুক্তি নবায়ন করা হবে।

১২. আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কোন কর্মচারীর অদক্ষতা বা অবহেলার কোন ক্ষতি হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার দায় বহন করতে হবে।

১৩. আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কর্মচারীকে ছুটির দিনে বা স্বাভাবিক সরকারি অফিস সময়ের পরেও দায়িত্ব পালন করতে হবে। অতিরিক্ত দায়িত্ব পালনের ক্ষেত্রে অতিরিক্ত অর্থ প্রদান করা হবে না।

১৪ নির্বাচিত প্রতিষ্ঠানের দাখিলকৃত বিল হতে নিয়মানুযায়ী ভ্যাট/ট্যাক্স কর্তন করা হবে।

১৫. জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চুক্তি নিয়োগকারী কর্তৃপক্ষ ০১ (এক) মাস এবং সরবরাহকারী প্রতিষ্ঠান ০২ (দুই) মাসের নোটিশ দিয়ে বাতিল করতে পারবে।

১৬. সরবরাহকৃত জনবলের শারীরিক সুস্থ্যতা সম্পর্কে উপযুক্ত প্রমানপত্র দাখিল করতে হবে।

১৭. অসম্পূর্ণ দরপত্র/প্রস্তাব গ্রহণযোগ্য হবে না।

১৮. অন্যান্য বিস্তারিত বিবরণ ও শর্তাবলী দরপত্র সিডিউলে উল্লেখ থাকবে ।

১৯ যে কোন বা সকল দরপত্র/প্রস্তাব বাতিল বা গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং সর্বনিম্ন দরদাতার দরপত্র গ্রহণ করতে কর্তৃপক্ষ বাধ্য নয়।

'২৪/০৮/২০২১

(খোন্দকার ফরহাদ আহমদ)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, নাটোর।
ফোন ঃ ০৭৭১-৬২১২৮
e-mail:ceozpnatore@gmail.com

স্মারক সংখ্যা. ৪৬.০০.৬৯০০.০০১.১১.০৩৬.২১- ৩৫৭(২০০)

তারিখ: ০৯ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ
২৪ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩. পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪. জেলা প্রশাসক, নাটোর।
৫. চেয়ারম্যান, জেলা পরিষদ, নাটোর।
৬. পুলিশ সুপার, নাটোর।
৭. সিভিল সার্জন, নাটোর।
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ----------------------(সকল)।
৯. উপপরিচালক, স্থানীয় সরকার, নাটোর।
১০. উপজেলা নির্বাহী অফিসার, নাটোর।--------------------------(সকল)।
১১. জেলা হিসাব রক্ষন কর্মকর্তা, নাটোর।
১২. সম্পাদক, দৈনিক কালের কণ্ঠ এবং দৈনিক প্রান্তজন নাটোর। তাঁকে বিজ্ঞপ্তিটি স্বল্প পরিসরে আগামী ২৯-০৮-২০২১ খ্রিঃ তারিখের মধ্যে এক দিন মাত্র ছাপিয়ে প্রকাশান্তে পত্রিকার কপিসহ বিল দাখিলের জন্য অনুরোধ করা
১৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা ..........................(সকল) থানা।
১৪. দপ্তর নথি।

'২৪/০৮/২০২১

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, নাটোর।